



ভারত থেকে বিশ্বকাপ ম্যাচ সরানোর অনুরোধে নাকচ আইসিসি



সংগৃহীত ছবি

বিশ্বকাপে বাংলাদেশের ম্যাচ ভারত থেকে অন্য দেশে সরানোর প্রস্তাব গ্রহণ করেনি আন্তর্জাতিক ক্রিকেট কাউন্সিল (আইসিসি)। ক্রিকেটবিষয়ক ওয়েবসাইট ইএসপিএন ক্রিকইনফোর প্রতিবেদনে এমনটাই জানানো হয়েছে।

প্রতিবেদনে বলা হয়, মঙ্গলবার আইসিসি ও বাংলাদেশ ক্রিকেট বোর্ডের (বিসিবি) মধ্যে একটি ভার্চুয়াল বৈঠক অনুষ্ঠিত হয়। ওই বৈঠকে আইসিসি জানিয়ে দেয়, বাংলাদেশের নির্ধারিত ম্যাচগুলো ভারত থেকে শ্রীলঙ্কায় স্থানান্তর করা সম্ভব নয়। পাশাপাশি সতর্ক করা হয়, নির্ধারিত ভেন্যুতে অংশ না নিলে পয়েন্ট হারানোর ঝুঁকি তৈরি হতে পারে।

তবে বৈঠকের সিদ্ধান্ত নিয়ে এখনো খোঁয়াশা রয়েছে। কারণ, এ বিষয়ে আনুষ্ঠানিকভাবে কোনো বক্তব্য দেয়নি আইসিসি কিংবা বিসিবি—কোনো পক্ষই। বিসিবির পক্ষ থেকে জানানো হয়েছে, ম্যাচ স্থানান্তর সংক্রান্ত আইসিসির কাছে পাঠানো ই-মেইলের এখনো কোনো জবাব পাওয়া যায়নি।

LENS ASIA